



প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়




প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির তালিকা

জেলার নাম: ব্রাহ্মণবাড়িয়া

সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির সংখ্যা: ০৬ টি (এপ্রিল ২০২৪ পর্যন্ত)

প্রত্নতত্ত্ব অধিদপ্তর, প্রত্নতত্ত্ব ভবন, এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭

director_general@archaeology.gov.bd | www.archaeology.gov.bd

ক্রম	প্রত্নস্থল / পুরাকীর্তি	আলোকচিত্র	অবস্থান	জিও কো- অর্ডিনেট	প্রজ্ঞাপন/গেজেট	সংক্ষিপ্ত বর্ণনা
১	২	৩	৪	৫	৬	৭
১.	উলচাপাড়া মসজিদ		ব্রাহ্মণবাড়িয়া সদর উলচাপাড়া	২৩°৫৭'০২.০" উ. ৯১°০৫'৪৮.৭" পূ.	বাংলাদেশ গেজেট ০৮ জুলাই ১৯৭৬	মসজিদের শিলালিপি থেকে জানা যায়, মসজিদটি ১১৪৩ হিজরীতে (১৭২৭ খ্রি.) নির্মাণ করা হয়। মাগল স্থাপত্য রীতিতে নির্মিত তিন গম্বুজবিশিষ্ট মসজিদটির নির্মাতা শাহ সৈয়দ মোহাম্মদ মুরাদ। মসজিদের চার কোণে চারটি অষ্টকোণাকৃতির বুরুজ বা মিনার রয়েছে।
২.	আরিফুল (আরিফাইল) মসজিদ		সরাইল আরিফাইল	২৪°০৪'১১.৯" উ. ৯১°০৬'২৬.৮" পূ.	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর: শা: এ/১এ/৩৩/৮৪/ ০১ জানুয়ারি ১৯৮৬	১৬৬২ খ্রিস্টাব্দে দেওয়ান নুর মোহাম্মাদের স্ত্রী বেগম আরফায়েছা কর্তৃক মসজিদটি নির্মিত। এটি মাগল আমলের মসজিদ স্থাপত্য শৈলীর অনন্য দৃষ্টান্ত। তিন গম্বুজবিশিষ্ট এ মসজিদটির পূর্বদিকে তিনটি প্রবেশপথ রয়েছে। মসজিদের দেয়াল জুড়ে অসংখ্য প্যানেল ডেকোরেশন (অলংকরণ) বিদ্যমান।
৩.	আরিফুল (আরিফাইল) মাজার শরিফ (জোড় কবর)		সরাইল আরিফাইল	২৪°০৪'১০.২" উ. ৯১°০৬'২৬.৭" পূ.	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর: শা: এ/১এ/৩৩/৮৪/ ০১ জানুয়ারি ১৯৮৬	আরিফাইল মাজার (জোড় সমাধি) আরিফাইল মসজিদের সমসাময়িক সময়ে নির্মিত বলে অনুমেয়। ধারণা করা হয় মাজারে অজানা দু'জন ব্যক্তির সমাধি রয়েছে। এটির চার কোণে চারটি অষ্টকোণাকারে নির্মিত স্তম্ভ/মিনার আছে। এর উত্তর দিকে লাগোয়া একটি দোচালা ঘর রয়েছে।

ক্রম	প্রত্নস্থল / পুরাকীর্তি	আলোকচিত্র	অবস্থান	জিও কো-অর্ডিনেট	প্রজ্ঞাপন/গেজেট	সংক্ষিপ্ত বর্ণনা
১	২	৩	৪	৫	৬	৭
৪.	বাড়িউড়া প্রাচীন পুল		সরাইল বাড়িউড়া	২৪°০৩'১৫.২" উ. ৯১°০৯'০৪.৩" পূ.	সূত্রঃ প্রত্নচর্চা-২ পৃষ্ঠা নং-১১৫	বাড়িউড়া প্রাচীন পুল ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলাস্থ কুমিল্লা-সিলেট মহাসড়কের দক্ষিণ সরাইলে অবস্থিত। প্রাচীন এ পুলটির নির্মাণকাল আনুমানিক ১৬৫৭-৫৮খ্রি। জানা যায় যে, দেওয়ান মজলিশ শাহবাজের পুত্র ও নুর মোহাম্মদের পুত্র এবং সরাইলের চতুর্থ দেওয়ান নাসির মোহাম্মদ হরষপুর প্রাসাদ, দুর্গ, হাম্মামখানা, পুল ইত্যাদি নির্মাণ করেন।
৫.	হরিপুর জমিদার বাড়ি		নাসিরনগর হরিপুর	২৪°০৬'৩০.৬" উ. ৯১°১৫'২৭.৫" পূ.	বাংলাদেশ গেজেট ৩১ মে ২০১৮	হরিপুর জমিদারবাড়ি ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন নাসিরনগর উপজেলার তিতাস নদীর তীরে হরিপুর নামক গ্রামে অবস্থিত। খ্রিস্টীয় ১৯ শতকে গৌরি প্রসাদ রায় চৌধুরী এবং কৃষ্ণ প্রসাদ রায় চৌধুরী এ জমিদারবাড়ি নির্মাণ করেন। ১৩৪৩ বাংলা সালে কৃষ্ণ প্রসাদ রায় চৌধুরীর মৃত্যুর পর পর্যায়ক্রমে বাড়িটির উত্তরাধিকার হন হরিপদ রায় চৌধুরী ও শান্তি রায় চৌধুরী। সুবিশাল এ প্রাচীন বাড়িটিতে ৬০টি কক্ষ, হলঘর, নাচঘর, রঙমহল, অতিথিশালা, বিচারালয়, মলপুকুর, খেলার মাঠ, স্মৃতি মঠ ও সীমানা প্রাচীর রয়েছে।
৬.	প্রখ্যাত বিপ্লবী উল্লাসকর দত্তের সার্থ-শতবর্ষের বাড়ি		সরাইল কালীকচ্ছ	২৪°০৫'১২.৭" উ. ৯১°০৬'৫০.০" পূ.	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর: ৪৩.০০.০০০০.১১৪.১৬. ১০৯.২২-৭৫ ০৯ ফেব্রুয়ারি ২০২৩	প্রখ্যাত বিপ্লবী উল্লাসকর দত্তের বাড়িটি আয়তাকার ভূমি নকশায় নির্মিত। উত্তর-দক্ষিণে লম্বালম্বিভাবে পাতলা ইট ও গাঁথুনীতে চুন-সুরকীর মসলা ব্যবহৃত হয়েছে। স্থাপনাটি বর্তমানে তিনটি কক্ষ দৃশ্যমান। দক্ষিণ দিকে একটি কক্ষ ছিল, যা ধংসপ্রাপ্ত ও বিলীন।